ঝিনাইদহে ডাকাতির প্রস্তুতিকালে তিন সদস্য গ্রেপ্তার

ঝিনাইদহে ডাকাতির প্রস্তুতি কালে ডাকাতদলের তিন সদস্যকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল রবিবার রাত দেড়টার দিকে ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের দক্ষিণ সাইডের বাথরুমের পাশ থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

আজ সোমবার (৬অক্টোবর) দুপুরে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন সাংবাদিকদের জানান, রবিবার দিবাগত রাত আনুমানিক দেড়টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটনের নেতৃত্বে এস আই বনি আমিন ও এসআাই মমিনুর রহমান সঙ্গীয় ফোর্সের সহায়তায় সদর উপজেলার হলিধানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের দক্ষিণ সাইডের বাথরুমের পাশ হতে ডাকাতির প্রস্তুতি কালে ডাকাতদলের তিন জনকে গ্রেপ্তার করে। ওই দলের অজ্ঞাতনামা আরও ৫/৭ জন কৌশলে পালিয়ে যায়।

গ্রেপ্তারকৃত আসামীরা হলেন শৈলকুপা উপজেলার চর বাখরবা গ্রামের আক্কাস আলীর ছেলে রইচ (২৫), একই গ্রামের বারেক বিশ্বাসের ছেলে সাগর বিশ্বাস (২৫) এবং বিত্তিপাড়া গ্রামের মৃত রবিউলের ছেলে বাবু (৪২)। গ্রেপ্তারকালে তাদের নিকট থেকে ১টি রামদা, ১টি চাপাতি, ২টি হাতুড়ি ও লোহার পাইপ পাওয়া গেছে। ডাকাতি ছাড়াও এদের বিরুদ্ধে গরুচুরিসহ বিভিন্ন অভিযোগে থানায় একাধিক মামলা রয়েছে বলেও জানান।

দর্শনায় ডাকাতির প্রস্তুতিকালে

মিনি ট্র্যাক ও দেশীয় অস্ত্রসহ আটক ২

দর্শনা-হিজলগাড়ি সড়কে পুলিশ অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র ও একটি মিনিট্রাক সহ ২ জন ডাকাতকে আটক করেছে দর্শনা থানা পুলিশ।

গত রোববার দিবাগত রাত পৌনে দুইটার দিকে সড়কের দোস্ত স্কুলপাড়া বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে থেকে মালামাল উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করে।

তারা হলেন কুষ্টিয়ার ইবি থানাধীন চরবাখৈল এলাকার মৃত সুন্নত আলীর ছেলে তরিকুল ইসলাম (১৯) ও একই থানাধীন কন্দপদিয়া এলাকার সাত্তার আলীব ছেলে ইমরান আলী (১৯)।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে এস আই শেখ রকিবুল ইসলাম, সঙ্গীয় ফোর্সসহ এএসআই কাজী বায়েজীদ সঙ্গীয় ফোর্সসহ নিয়মিত টহল ডিউটিসহ মাদক বিরোধী এবং চোরাচালান অভিযান পরিচালনাকালে দর্শনা থানাধীন দোস্ত এলাকায় ৭/৮ জন ব্যক্তি রাস্তার উত্তর পার্শ্বে পিকআপ ট্রাক রেখে রাস্তার উভয় পার্শ্বে রশি দিয়া প্রতিবন্ধকতা সৃষ্টি করে।এ সময় তারা ডাকাতির প্রস্তুতিকালে দর্শনা থানাধীন দোস্ত স্কুলপাড়ার বাইতুল সালাম মসজিদ ও মাদ্রাসার সামনে অবস্থান করে।পুলিশ দর্শনা হতে হিজলগাড়ীগামী পাকা রাস্তার উপর হতে দেশীয় অস্ত্রসহ তাদেরকে গ্রেফতার করে।তাদের কাছ থেকে ১ টি লোহার তৈরি গাছি দা,২ টি হাসুয়া ১ টি লোহার তৈরি কাস্তে,১ টি সুতার পাকানো দড়ি ও ১ সেট চাবিসহ তাদেরকে আটক করে।বাকী আসামীরা পালিয়ে যায়।দর্শনা থানা পুলিশ মিনি ট্র্যাকসহ যার রেজিঃ নং ঢাকা-ন ১৩-৮৬০৪ সহ তরিকুল ইসলাম ওইমরান আলীকে গ্রেফতার করে।এ ঘটনায় দর্শনা থানায় পলাতক আসামীসহ অজ্ঞাতনামা আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ আটক ৪

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে পুলিশি অভিযানে আটক করা হয়েছে ৪ ডাকাতকে।

এসময় তাদের নিকট থাকা দেশীয় অস্ত্র-গ্রীলকাটার ও প্লাষ্টিকের রশি উদ্ধার করেছে। গতকাল রোববার দিবাগত রাতে তিতুদহের গ্রীসনগর গ্রাম হতে তাদেরকে আটক করে। আটককৃত ডাকাত দলের সকলের বাড়ি জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর -মদনা ইউনিয়নে।

জানাগেছে, গতকাল রোববার দিবাগত রাত দেড়টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফর রহমানের নের্তৃত্বে দর্শনা থানাধীন তিতুদহ ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই এএম আনোয়ারুল ইসলাম সাঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে সন্ত্রাস বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের গ্রীরিসনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠের পূর্ব পাশে পানির ট্রাংকির সামনে।

এ সময় উক্ত স্থান হতে দেশীয় অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে ডাকাতির প্রস্তুতি গ্রহন করা কালে ৪ জন ডাকাতকে আটক করে।

আটককৃত ৪ ডাকাত চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সড়াবাড়ীয়া উত্তরপাড়ার মৃত মজিবর রহমান ওরপে মল্লিক শাহর ছেলে শাহাবুদ্দিন ওরফে বদ্দি (৩৬) একই গ্রামের মসজিদপাড়া পাড়ার সিরাজ হোসেনের ছেলে আব্দুল মান্নান (২৫), শাহপাড়ার আব্দুর রশিদের ছেলে ইমদাদুল হাসান (২৩) ও ইউনিয়নের মদনা গ্রামের উত্তরপাড়ার কাওছার আলীর ছেলে আব্দুল আলীম (২২)। আটক হওয়া ডাকাতদের নিকট হতে উদ্ধারকৃত দেশীয় অস্ত্রের মধ্যে অনুমান ১ ফুট ৭ ইঞ্চি লম্বা ১টি লোহার দা, অনুমান ১ ফুট ৬ ইঞ্চি লম্বা ৩টি কাঠের বাট যুক্ত হাসুয়া, কালো বাট যুক্ত লোহার তৈরি গ্রীল কাটার ১ টি, বাঁশের বাট যুক্ত লোহার হাতুড়ি ১ টি, ১ টি প্লাস ও ১০ ফুট সাদা প্লাষ্টিকের রশি।

আটককৃত ৪ ডাকাত সহ কয়েকজনকে অজ্ঞাতনামা পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে। আজ দর্শনা থানা পুলিশ ৪ জনকে

ডাকাতি মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।